



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১

প্রেস বিজ্ঞপ্তি

সেলিম আল দীনের ১৮-তম প্রয়াণ দিবস পালিত  
বাংলা নাটকে ঐতিহ্য নির্ভর আধুনিকতার ধারায় সেলিম আল দীনের অবদান অবিস্মরণীয়  
- উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৪ জানুয়ারি ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের আয়োজনে আজ যথাযোগ্য মর্যাদায় রবীন্দ্রোত্তর বাংলা নাটকের প্রাণপুরুষ অধ্যাপক ড. সেলিম আল দীনের ১৮-তম প্রয়াণ দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে সকাল দশটায় নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সামনে থেকে একটি স্মরণ-যাত্রা সেলিম আল দীনের সমাধিস্থলে গিয়ে শেষ হয়। স্মরণ-যাত্রা উদ্বোধনকালে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, একজন মানুষ কি করে এতোগুলো লেখা, এতোগুলো ভাবনাকে তাঁর লেখনির মধ্যে ধারণ করেন তা বিস্ময়ের। বাংলা নাটকে ঐতিহ্য নির্ভর আধুনিকতার ধারায় সেলিম আল দীনের অবদান অবিস্মরণীয়। তিনি বলেন, বাংলার দর্শনের শেকড়ের সন্ধান করতে গেলে, ঐতিহ্যের সন্ধান করতে গেলে আধুনিক বাংলায় যে মানুষগুলোকে খুঁজে পাওয়া যায়- সেলিম আল দীন তাঁদের মধ্যে নেতৃত্বস্থানীয়। এটা আমাদের গর্ব করার জায়গা। উপাচার্য আরও বলেন, আমরা বিশ্ববিদ্যালয়ের পরিচয় দিয়ে নিজেরা পরিচিত হই। আর সেলিম আল দীনের নাম যখন আসে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় তখন সম্মানিত হয়। ড. সেলিম আল দীন তাঁর সৃষ্টির মধ্যে দিয়ে অমর হয়ে থাকবেন। এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ তাঁর বক্তব্যে ড. সেলিম আল দীনের সৃষ্টি ও কর্মের প্রশংসা করে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর সেলিম আল দীন স্মরণ-যাত্রায় উপাচার্য, উপ-উপাচার্য (প্রশাসন), নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সভাপতি অধ্যাপক ড. ফাহিমদা আক্তারসহ বিভাগীয় অন্যান্য শিক্ষক, শিক্ষার্থী, নাট্যশিল্পী প্রমুখ অংশগ্রহণ করেন। স্মরণ-যাত্রা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন সেলিম আল দীন সমাধিতে গিয়ে শেষ হয়। সেলিম আল দীন সমাধিতে উপাচার্য শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। উপাচার্যের শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পর দেশের সংস্কৃতি অঙ্গনের বিশিষ্ট ব্যক্তিবর্গ শ্রদ্ধা নিবেদন করেন। স্মরণ-যাত্রা উদ্বোধন অনুষ্ঠান সঞ্চালনা করেন বিভাগীয় শিক্ষক ড. মোহাম্মদ আশরাফুল হাবীব।

‘তোমার অসীম মুখশ্রীর পূর্ণিমা শূন্যে আভাময়’ প্রতিপাদ্য ধারণ করে সেলিম আল দীন স্মরণ দিবস-২০২৫ নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ নানা অনুষ্ঠানের মধ্যদিয়ে পালন করে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

